# Times Today BD

রিসালাত আলিফ | ক্যাম্পাস | 11 April, 2025

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি) প্রশাসন ১২ এপ্রিল অনুষ্ঠিত হতে যাওয়া কৃষিগুচ্ছ ভর্তি পরীক্ষায় ভর্তিচ্ছুদের যাত্রা সহজ করতে বিশেষ বাস সার্ভিস চালুর উদ্যোগ নিয়েছে।

শুক্রবার (১১ এপ্রিল) বিশ্ববিদ্যালয়ের পরিবহন শাখার পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ গোলজারুল আজিজ স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, পরীক্ষার্থীদের ক্যাম্পাসে পৌঁছাতে সহায়তা করতে শনিবার তিনটি রুটে সাতটি বাস চলবে।দিঘারকান্দা বাইপাস মোড়, মাসকান্দা বাসস্ট্যান্ড ও কেওয়াটখালী বাইপাস থেকে দুপুর ১২টা ও ১টার দিকে এসব বাস ছাড়বে।পরীক্ষা শেষ হওয়ার পর বিকেল সোয়া ৪টায় বিশ্ববিদ্যালয়ের হেলিপ্যাড থেকে তিনটি বাস ওই তিনটি গন্তব্যের উদ্দেশে ছেড়ে যাবে।

এ বিষয়ে বাকৃবির পরিবহন শাখার পরিচালক অধ্যাপক মোহাম্মদ গোলজারুল আজিজ বলেন, ভর্তি পরীক্ষার সময় ইজিবাইক, রিকশার অপ্রতুলতা দেখা যায়।তখন ভাড়াও কয়েকগুণ বেড়ে যায়।শিক্ষার্থীদের ভোগান্তি লাঘবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ উদ্যোগ নিয়েছে।

কৃষিগুচ্ছ বাস সার্ভিস ভর্তি পরীক্ষা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:48

URL: https://www.timestodaybd.com/campus/775807632